স্মারক নং-বিএসএমএমইউ/পনিঃ/কোর্স পরীক্ষা/জানুয়ারী ২০২৩/ ৬২২ তারিখ ঃ ০৮-১১-২০২২ইং

# জানুয়ারী ২০২৩ এ অনুষ্ঠিতব্য পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয় ও অধিভূক্ত সকল মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ইন্সটিটিউট এর অধ্যক্ষ/পরিচালক এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জানুয়ারী-২০২৩ সেশনের স্নাতকোত্তর কোর্স পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফিস জমা প্রদান সম্পর্কিত যাবতীয় নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো ঃ

| কোর্স ও পর্ব | লিখিত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী | পরীক্ষার ফিস সহ বিশ্ববিদ্যালয়ে আবেদন ফরম সংগ্রহ ও জমাদানের তারিখ | সকল পরীক্ষার ফি (অফেরতযোগ্য) জমাদানের হিসাব নম্বর |
|---|---|---|---|
| এমডি ও এমএস, ১ম, ২য় ও ফাইনাল পর্ব | ২১ হতে ২৬ জানুয়ারী ২০২৩ | আবেদনফরম সংগ্রহ ও জমাদানের তারিখ ঃ ০৯ নভেম্বর হতে ০৭ ডিসেম্বর ২০২২ | COURSE EXAM. & MISC. FUND<br>SND-A/C NO-0947102001727<br>পূবালী ব্যাংক লিঃ, শাহবাগ এভিনিউ মডেল শাখা, ঢাকা-১০০০। |

**স্নাতকোত্তর কোর্সের বিভিন্ন পর্বের লিখিত, ব্যবহারিক, ক্লিনিক্যাল, মৌখিক ও থিসিস পরীক্ষার নির্ধারিত ফিস (অফেরতযোগ্য) ঃ**

| কোর্সের মেয়াদকালের অন্তর্ভূক্ত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য | | | | | কোর্স আউট পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| নং | কোর্স ও পর্ব | পরীক্ষার ফিস | কেন্দ্র ফিস | মোট | পরীক্ষার ফিস | কেন্দ্র ফিস | জরিমানা | মোট |
| ০১ | এমডি/এমএস-১ম পর্ব | ১৩,০০০.০০ | ২,০০০.০০ | ১৫,০০০.০০ | ১৩,০০০.০০ | ২,০০০.০০ | ৫০,০০০.০০ | ৬৫,০০০.০০ |
| ০২ | এমডি/এমএস-২য় পর্ব | ১৩,০০০.০০ | ২,০০০.০০ | ১৫,০০০.০০ | ১৩,০০০.০০ | ২,০০০.০০ | ৫০,০০০.০০ | ৬৫,০০০.০০ |
| ০৩ | এমডি/এমএস-ফাইনাল | ২০,০০০.০০ | ২,০০০.০০ | ২২,০০০.০০ | ২০,০০০.০০ | ২,০০০.০০ | ৫০,০০০.০০ | ৭২,০০০.০০ |
| ০৪ | রিটেনশন ফি (প্রতি পর্বের জন্য) অনিয়মিত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য | ১০০০.০০ | ---------- | ----------- | ---------- | ----------- | ---------- | ---------- |

## আবেদনপত্র সংগ্রহ ও জমাদান ঃ

### বিএসএমএমইউ'র পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য

১। পরীক্ষার ফিস উল্লেখিত ব্যাংক হিসাবে জমা দিয়ে 'জমাদানের রশিদ' প্রদর্শনপূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ১০৫ নং কক্ষ সংলগ্ন অফিস কক্ষ হতে পরীক্ষার আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

২। ব্যাংকে টাকা জমাদানের রশিদের অপর পৃষ্ঠায় প্রত্যেক পরীক্ষার্থী তাঁর নাম, কোর্স ও পর্ব লিখে আবেদন ফরমের সাথে সংযুক্ত করবেন।

৩। পূরনকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ সংশ্লিষ্ট অনুষদের কোর্স কো-অর্ডিনেটর / কোর্স ডাইরেক্টর ও বিভাগীয় চেয়ারম্যান-এর মাধ্যমে সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের কার্যালয়ে উপরোল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

৪। এমডি/এমএস-১ম পর্ব পরীক্ষার্থীগণের ক্ষেত্রে বেসিক সাইন্স এন্ড প্যারাক্লিনিক্যাল সাইন্স অনুষদের কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর এবং বেসিক সাইন্স এন্ড প্যারাক্লিনিক্যাল সাইন্স অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর গ্রহন করতে হবে।

৫। বিএসএমএমইউ'র পরীক্ষার্থী'গণ পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোর্স ফি ও টিউশন ফি বাবদ কোন অর্থ অপরিশোধিত আছে কিনা, তা নিশ্চিতকরনের জন্য আবেদন ফরমের নির্ধারিত স্থানে এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয়ের ছাড়পত্র গ্রহন করতে হবে।

### অধিভুক্ত সকল মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউট এর জন্য প্রযোজ্য

**পরীক্ষার্থীদের জন্য ঃ**

০১। পরীক্ষার আবেদন ফরম স্ব-স্ব অধিভুক্ত মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউট-এর কার্যালয় হতে নির্ধারিত হারে ফি জমা দিয়ে পরীক্ষার্থী'গন সংগ্রহ করতে পারবেন।

০২। পরীক্ষার আবেদন ফরম পূরন করে স্ব-স্ব বিভাগীয় প্রধান ও কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর এর মাধ্যমে মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউট-এর প্রধানের কার্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবেন।

০৩। পরীক্ষার্থীগণ তাঁদের প্রবেশপত্র স্ব-স্ব মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউটের অধ্যক্ষ/পরিচালক এর কার্যালয় হতে সংগ্রহ করবেন।

**মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ইন্সটিটিউট প্রধানের জন্য প্রযোজ্য ঃ** পরীক্ষার ফরম যথাযথভাবে পূরন করা হয়েছে কিনা তা প্রয়োজনীয় কাগজ পত্রের সংঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার জন্য মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ এর অধ্যক্ষ মহোদয় / ইন্সটিটিউট এর পরিচালক মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানানো হলো এবং মেডিক্যাল কলেজ / ডেন্টাল কলেজ/ ইন্সটিটিউট কর্তৃক যাচাইকৃত পরীক্ষার ফরম চূড়ান্ত বলে বিবেচিত হবে। পরীক্ষার্থীর ফরমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর বা অন্য কোন বিষয় বাদ পড়লে অথবা কোন ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে উক্ত ফরম বাতিল বলে গন্য হবে। প্রতিটি ফরমের সাথে সংযুক্ত কাগজপত্র সমূহ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ / ডেন্টাল কলেজ / ইন্সটিটিউট-এর অধ্যক্ষ / পরিচালক / কোর্স কো-অর্ডিনেটর / কোর্স ডাইরেক্টর কর্তৃক সত্যায়িত হতে হবে।

## সকল পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ঃ

- এমডি ও এমএস-এর বিভিন্ন পর্বের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার্থী'গণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর, বিভাগীয় চেয়ারম্যান/প্রধান এর স্বাক্ষর এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- এমডি ও এমএস ২য় পর্বের পরীক্ষার্থী'গন এ্যালাইড বিষয়সমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর/কোর্স ডাইরেক্টর, বিভাগীয় চেয়ারম্যান/প্রধানের স্বাক্ষর এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর নিতে হবে। এ্যালাইড বিষয়সমূহ ব্যতীত অন্যান্য বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান/প্রধান এর স্বাক্ষর এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের স্বাক্ষর নিতে হবে।

চলমান পাতা-২

**সকল পরীক্ষার্থীর জন্য নিয়মাবলী ঃ**

১) আবেদনপত্র কোন প্রকার ঘষা মাজা ছাড়া স্ব-হস্তে পুরন করা বাঞ্চনীয়।

২) আবেদনফর্মে পরীক্ষার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এবং Admit Card এর নির্ধারিত স্থানে এক কপি সত্যায়িত ছবি লাগাতে হবে।

৩) সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সর্বশেষ পরীক্ষার মার্কশীট/ফলাফলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৪) স্নাতকোত্তর কোর্সে রেজিষ্ট্রেশন/ই-রেজিষ্ট্রেশন এবং প্রতিটি পর্বের যোগদানপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

৫) কোন পরীক্ষার্থী ক্যারি-অন-প্রথায় ১ম ও ২য় পর্বে একই শিক্ষাবর্ষে একত্রে পরীক্ষায় অংশগ্রহন করতে চাইলে তাকে প্রতি পর্বের জন্য পৃথক পৃথক আবেদন ফরম পূরন করে কোন্ কোন্ পত্রে অবতীর্ন হবেন, তা উল্লেখ করতে হবে। প্রতি পর্বের জন্য পৃথকভাবে নির্ধারিত ফি (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

৬) FCPS/MD/MS পাশ করা শিক্ষার্থী'গণ MD/MS, Part-II, Paper-I হতে অব্যাহতি পত্র ও উল্লেখিত সনদের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭) **কোর্স আউট হওয়ার নিয়মাবলী ঃ**

| কোর্সের নাম | কোর্স আউট হওয়ার সময়কাল | মন্তব্য |
|---|---|---|
| এমডি/এমএস ২য় পর্ব | ২য় পর্বে যোগদানের পর সর্বোচ্চ ৪ বছর। জানুয়ারী ২০১৯ অথবা এর পরে ২য় পর্বে যোগদান করেছেন এমন প্রার্থী'গণ জানুয়ারী ২০২৩ এ অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | ১ম পর্বের 'ক্যারি অন' পেপারের পরীক্ষা ২য় পর্বের সময়কালের মধ্যে অংশগ্রহণ করতে পারবেন। |
| এমডি/এমএস ফাইনাল পর্ব | ফাইনাল পর্বে যোগদানের পর ২ বছর অধ্যয়ন কাল সমাপ্তির পর সর্বোচ্চ ৫ বছর। জানুয়ারী ২০১৬ অথবা এর পরে ফাইনাল পর্বে যোগদান করেছেন এমন প্রার্থী'গণ জানুয়ারী ২০২৩ এ অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | -------- |

**৮) এমডি ও এমএস কোর্সের ফাইনাল পর্বের পরীক্ষার্থীগণ'কে পরীক্ষার আবেদন ফরম জমাকালীন সময়ে থিসিস জমা দিতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীকে থিসিস বইয়ের সাথে থিসিস টাইটেল সম্পর্কিত মুচলেকা এবং IRB Clearance সার্টিফিকেট এর সত্যায়িত কপি সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান/প্রধান এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন মহোদয়ের মাধ্যমে জমা দিতে হবে।**

৯। বিশ্ববিদ্যালয়ের ৮৫তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী কোর্স আউট শিক্ষার্থীগণ কোর্স আউটের পর প্রতিবার ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা প্রদান করে অতিরিক্ত ০৩ (তিন) বার (অব্যবহতভাবে/ধারাবাহিকভাবে) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ২০০৯ সালের জানুয়ারী সেশন হতে কোর্স আউট শিক্ষার্থীগণ এই শর্ত প্রতিপালন সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

(মায়া জোয়ারদার) 8/11/22
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং-বিএসএমএমইউ/পনি:/কোর্স পরীক্ষা/জানুয়ারী ২০২৩/ ৬২২৯/২(২৯) তারিখ ঃ০৮-১১-২০২২ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ

০১। ডীন, মেডিসিন/সার্জারী/পেডিয়াট্রিক্স/বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স/ডেন্টাল অনুষদ, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
০২। চেয়ারম্যান.................................................বিভাগ, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
০৩। অধ্যক্ষ, ঢাকা মেডিক্যাল কলেজ, ঢাকা।
০৪। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ, মিটফোর্ড, ঢাকা।
০৫। অধ্যক্ষ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ।
০৬। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ, চট্টগ্রাম।
০৭। অধ্যক্ষ, সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজ, সিলেট।
০৮। অধ্যক্ষ, রাজশাহী মেডিক্যাল কলেজ, রাজশাহী।
০৯। অধ্যক্ষ, রংপুর মেডিক্যাল কলেজ, রংপুর।
১০। অধ্যক্ষ, শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ, বরিশাল।
১১। অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
১২। পরিচালক, জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৩। পরিচালক (একাডেমী), জাতীয় হৃদরোগ ফাউন্ডেশন ও রিসার্চ ইন্সটিটিউট, মিরপুর-২, ঢাকা।
১৪। পরিচালক, ন্যাশনাল ইন্সটিটিউট অব মেন্টাল হেল্থ ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৫। পরিচালক,ন্যাশনাল ইন্সটিটিউট অব কিডনী ডিজিজেজ এন্ড ইউরোলজী, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৬। পরিচালক, নিটোর, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৭। পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৮। পরিচালক, এনআইসিআর এন্ড এইচ, মহাখালী, ঢাকা।
১৯। পরিচালক, আইসিএমএইচ, মাতুয়াইল, ঢাকা।
২০। পরিচালক (একাডেমী), বিআইসিএইচ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২১। পরিচালক (একাডেমী), বারডেম, ঢাকা।
২২। পরিচালক, এনআইডিসিএইচ, মহাখালী, ঢাকা।

**ক্রমিক নং ..........এ উল্লেখিত অধিভুক্ত মেডিক্যাল কলেজ /ডেন্টাল কলেজ/ইন্সটিটিউট এর অধ্যক্ষ/পরিচালক মহোদয় এর নিকট ...........টি আবেদনপত্র এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।**

২৩। রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
**২৪। পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), আইটি সেল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।**
২৫। পিএস টু মাননীয় ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৬। পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয় (গবেষণা ও উন্নয়ন/একাডেমিক/প্রশাসন)/কোষাধ্যক্ষ মহোদয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
**২৭। ম্যানেজার, পূবালী ব্যাংক লিমিটেড, শাহবাগ এভিনিউ মডেল শাখা, ঢাকা।**
২৮। সকল নোটিশ বোর্ড।
২৯। অফিস কপি।

(মায়া জোয়ারদার) 8/11/22
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের
টেলিফোন নং ঃ ৫৫১৬৫৬১০, ফ্যাক্স নং ঃ ৫৫১৬৫৬১১
ই-মেইল ঠিকানা : controller@bsmmu.edu.bd
bsmmucontroller@gmail.com